# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# উপজেলা ভূমি অফিস
# সলেট সদর, সিলেট
## সিটিজেন চার্টার (নাগরিক সেবাসমূহ)

| ক্রমিক নং | সেবার নাম | সেবা গ্রহীতা/ উপকারভোগী | সেবা প্রদানের সময়সীমা | সেবা প্রদানের পদ্ধতি | সেবা প্রদানের স্থান |
|---|---|---|---|---|---|
| ০১ | নামজারী ও জমা খারিজ (Mutation) | জনগণ | সর্বোচ্চ ২৮ দিন | ০১। অনলাইনে সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন দাখিলের পর প্রস্তাব/প্রতিবেদন প্রাপ্তির সাপেক্ষে উভয় পক্ষকে নোটিশের মাধ্যমে শুনানী গ্রহণক্রমে স্বত্ত্ব ও দখল বিবেচনায় কোন আপত্তি না থাকলে নিম্নোক্ত সরকারী ফি আদায়ক্রমে নামজারী ও জমাখারিজ/একত্রীকরণ অনুমোদন করা হয়।<br>(ক) আবেদন বাবদ কোর্ট ফি- ২০/- (বিশ টাকা) মাত্র। (খ) নোটিশ জারী ফি-৫০/- (পঞ্চাশ টাকা) মাত্র। (গ) রেকর্ড সংশোধন ফি-১০০০/- (এক হাজার টাকা) মাত্র। (ঘ) প্রতি কপি মিউটেশন খতিয়ান ফি-১০০/- (একশত টাকা) মাত্র। সর্বমোট = ১১৭০- (এক হাজার একশত টাকা) মাত্র। | উপজেলা ভূমি অফিস |
| ০২ | ভি,পি একসনা বন্দোবস্ত নবায়ন | লীজ গ্রহিতাগণ | ০৭ দিন | সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন প্রাপ্তির পর নির্ধারিত হারে লীজমানি গ্রহণপূর্বক নবায়ন করা হয় এবং ডি,সি,আর প্রদান করা হয়। | উপজেলা ভূমি অফিস |
| ০৩ | ভি,পি তিনসনা মেয়াদী পুকুর, জলাশয়, ফলের বাগান প্রকাশ্যে নিলামে ইজারা প্রদান | লীজ প্রত্যাশী | ৩০ দিন | সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন প্রাপ্তির পর নীতিমালা অনুযায়ী নিলাম কমিটির অনুমোদন সাপেক্ষে ইজারা প্রদান করা হয়। | উপজেলা ভূমি অফিস |
| ০৪ | কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | ভূমিহীন কৃষক | ৩০ দিন | নির্ধারিত ফরম-এ আবেদন প্রাপ্তির পর উপজেলা কৃষি খাস জমি বন্দোবস্ত কমিটির মাধ্যমে প্রস্তাব জেলা কৃষি খাস জমি বন্দোবস্ত কমিটির নিকট প্রেরণ করা হয় ও অনুমোদনের পর বন্দোবস্ত দেয়া হয়। | উপজেলা ভূমি অফিস |
| ০৫ | অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | সকল আবেদনকারী | ৬০ দিন | অকৃষি খাস জমি বন্দোবস্ত নীতিমালা অনুযায়ী জেলা প্রশাসক মহোদয় বরাবর দাখিলকৃত আবেদন প্রাপ্তির পর কেইস নথি সৃজনক্রমে প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয় ও মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষ বন্দোবস্ত দেয়া হয়। | উপজেলা ভূমি অফিস |
| ০৬ | পেরিফেরীভূক্ত হাট-বাজারের ভূমি একসনা বন্দোবস্ত প্রদান | সংশ্লিষ্ট বাজারের প্রকৃত ব্যবসায়ীগণ | ৩০ দিন | সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন প্রাপ্তির পর কেইস নথি সৃজনক্রমে প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয় ও অনুমোদন সাপেক্ষে বন্দোবস্ত দেয়া হয়। | উপজেলা ভূমি অফিস |
| ০৭ | ভূমি উন্নয়ন কর (Land Development Tax) আদায় | বৈধ ভূমির মালিকগণ | কর্মদিবসের যেকোন দিন | অনলাইনে রেজিস্ট্রেশন করে ভূমি উন্নয়ন কর প্রদান। | www.land.gov.bd |
| ০৮ | পেরিফেরীভূক্ত হাট-বাজারের ভূমি একসনা লীজ নবায়ন | লীজ গ্রহিতাগণ | ১০ দিন | সহকারী কমিশনার (ভূমি) বরাবর ২০ টাকার কোর্ট ফি সংযুক্ত আবেদন প্রাপ্তির পর নির্ধারিত হারে লীজমানি গ্রহণপূর্বক নবায়ন করা হয় এবং ডি,সি,আর প্রদান করা হয়। | উপজেলা ভূমি অফিস |
| ০৯ | খতিয়ান/আদেশের সার্টিফাইড কপি (নকল) প্রদান | আবেদনকারীগণ | ০৭ দিন | সহকারী কমিশনার (ভূমি) বরাবর ২০ টাকার কোর্ট ফি সংযুক্ত করে উপজেলা ভূমি অফিস থেকে খতিয়ান কিংবা আদেশের সার্টিফাইড কপি (নকল) দেয়া হয়। | উপজেলা ভূমি অফিস |
| ১০ | ব্যক্তিগত ভূমি নিয়ে বিরোধ | আবেদনকারীগণ | ১৫ দিন | উভয়পক্ষের রেকর্ডপত্র পর্যালোচনা করে শুনানীঅন্তে বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা করা/পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা ভূমি অফিস |
| ১১ | নালিশী ভূমির সীমানা চিহ্নিতকরণ | জনগণ/আবেদনকারী | ০৭ দিন | সরকারী জমির সাথে ব্যক্তি মালিকানাধীন সম্পত্তি নিয়ে বিরোধ থাকলে সহকারী কমিশনার (ভূমি) বরাবর ২০ টাকার কোর্ট ফি সংযুক্ত আবেদন প্রাপ্তির পর নালিশী সম্পত্তি সার্ভেয়ার কর্তৃক সীমানা পরিমাপ ও নির্ধারণক্রমে আইনি প্রক্রিয়ায় বিরোধ নিষ্পত্তি করা হয়। | উপজেলা ভূমি অফিস |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২ | বকেয়া খাজনা/ কর আদায় | আবেদনকারীগণ | ৬০ দিন | ভূমি উন্নয়ন কর বকেয়া থাকলে সরকারী দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী রেন্ট সার্টিফিকেট মামলা রুজু করে বকেয়া খাজনা/ কর আদায় করা হয়। | উপজেলা ভূমি অফিস |
| ১৩ | সরকারী ভূমির স্বত্ত্ব ও স্বার্থ রক্ষা, সায়রাত মহাল ব্যবস্থাপনা এবং সরকারী খাস জমি অবৈধ দখলমুক্ত করা | বিভিন্ন বিভাগ/ সংস্থা ও জনগণ | ৩০ দিন | ভূমি প্রশাসন ম্যানুয়াল এবং ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়। | উপজেলা ভূমি অফিস |
| ১৪ | অবৈধ দখলদার উচ্ছেদ | আবেদনকারী | ৩০ দিন | সরকারী সম্পত্তি হতে অবৈধ স্থাপনা স্বেচ্ছায় ০৭ দিনের মধ্যে সরিয়ে নেয়ার জন্য নোটিশের মাধ্যমে সুযোগ দেয়া হয়। সরিয়ে না নিলে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে তাৎক্ষণিকভাবে কিংবা উচ্ছেদ মামলা রুজুক্রমে অবৈধ দখলদার উচ্ছেদ করা হয়। | উপজেলা ভূমি অফিস |
| ১৫ | ভূমির শ্রেণী পরিবর্তন | আবেদনকারী | ৩০ দিন | আবেদনকারী কর্তৃক জেলা প্রশাসক মহোদয় বরাবর দাখিলকৃত আবেদন প্রাপ্তির পর সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক কেইস নথি সৃজন করে প্রস্তাব বা প্রতিবেদন জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়। | উপজেলা ভূমি অফিস |
| ১৬ | রেকর্ডের করণিক ভুল সংশোধন | আবেদনকারী | ১০ দিন | কমিশনার (ভূমি) বরাবর ২০ টাকার কোর্ট ফি সংযুক্ত করে ০২.০৯.২০১৪ তারিখের ৫৮৫ স্মারক মোতাবেক আবেদনের প্রেক্ষিতে রেকর্ড যাচাই বাছাই করে প্রযোজ্য ক্ষেত্রে রেকর্ডের করণিক ভুল সংশোধন করা হয়। | উপজেলা ভূমি অফিস |
| ১৭ | ভূমির মালিকানা সনদপত্র প্রদান | ভূমির বৈধ মালিক | ১৫ দিন | কমিশনার (ভূমি) বরাবর ২০ টাকার কোর্ট ফি সংযুক্ত করে আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্ত সাপেক্ষে আবেদনকারীর নামে রেকর্ড থাকলে সনদপত্র ইস্যু করা হয়। | উপজেলা ভূমি অফিস |
| ১৮ | গণশুনানী | সর্বসাধারণ | বুধবার | প্রতি বুধবার কমিশনার (ভূমি) কর্তৃক সাধারণ জনগণের সাথে গণশুনানী আয়োজন করা হয়। | সহকারী কমিশনার (ভূমি) |
| ১৯ | তথ্য ও পরামর্শ | সর্বসাধারণ | কর্মদিবস | ভূমি সংক্রান্ত যে কোন তথ্য ও পরামর্শের জন্য উপজেলা ভূমি অফিস কিংবা সরাসরি সহকারী কমিশনার (ভূমি) এর সাথে সাক্ষাৎ করতে পারবেন। | সহকারী কমিশনার (ভূমি) |

## উপজেলা ভূমি অফিসের অন্যান্য কার্যক্রম ঃ

২০। জরিপ ও রেকর্ড হালনাগাদ সংক্রান্ত কাজ। ২১। খতিয়ার বহি, ম্যাপ ও ভিপি তালিকা সংরক্ষণ। ২২। পিও ৯৬/৭২, ৯৮/৭২ সংক্রান্ত বিবিধ কার্যাবলী। ২৩। বিনিময় মামলা নিস্পত্তি সংক্রান্ত কাজ। ২৪। সরকারী স্বার্থ সংশ্লিষ্ট দেওয়ানী ও ফৌজদারী মামলা সংক্রান্ত কাজ। ২৫। ওয়াকফ্ ও দেবোত্তর সম্পত্তি সংক্রান্ত কাজ। ২৬। আবাসন, আশ্রয়ণ, আদর্শ গ্রাম ও গুচ্ছ গ্রাম সংক্রান্ত কাজ।

**বিঃ দ্রঃ- সকল সেবা প্রত্যাশীকে সরকার নির্ধারিত ফি ব্যতীত কোন অর্থ লেনদেন না করার জন্য অনুরোধ করা হলো।**

যে কোন অভিযোগের জন্য যোগাযোগ করুন:

সহকারী কমিশনার (ভূমি)
সিলেট সদর, সিলেট।
মোবাইল:০১৭৩০-৩৩১০৪৩
টেলিফোন:০৮২১-৭১৬১১৭
ইমেইল: aclsylhetsadar@gmail.com